বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
আর্টস এন্ড সোস্যাল সাইন্স শাখা

নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০০২.২৩.৮২১

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত 'ইউজিসি স্বর্ণপদক'-২০২২ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'**-এ রেজিস্ট্রেশনপূর্বক (https://www.mygov.bd/service/?id=BDGS-1637554194) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

(১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২২ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে।

(৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।

(৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

(৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার (যদি থাকে) তালিকা যথাযথ রেফারেন্স আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(৭) যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

(৮) একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৯) আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'**-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে;

(১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেওয়া আছে।

(১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে **কমিশন কর্তৃপক্ষ** যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

৩০-০৮-২০২৩
ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২। পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
আর্টস এন্ড সোস্যাল সাইন্স শাখা

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০০২.২৩.৮২৩

বিষয়: **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ এর জন্য দরখাস্ত আহ্বান।**

সূত্র: (যদি থাকে) ...

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ ও পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক-এর জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় **২০২২ সালে** প্রকাশিত (১লা জানুয়ারি-৩১শে ডিসেম্বর ২০২২) মৌলিক গবেষণামূলক প্রকাশনার নিমিত্ত **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ থেকে দরখাস্ত আহ্বানের লক্ষ্যে ৩১ আগষ্ট ২০২৩ তারিখ **'দৈনিক কালবেলা'** ও **'The Daily Star'** পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং একইসাথে বিজ্ঞপ্তিটি ইউজিসির ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে। সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/নোটিশবোর্ডে আপলোডের ব্যবস্থা গ্রহণসহ শিক্ষকগণের মধ্যে বহুল প্রচারের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

৩১-০৮-২০২৩
দেওয়ান গোলাম সারোয়ার
উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)
৫৮১৬০২৩১
dgsugc@ugc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়) এবং
২। রেজিস্ট্রার (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০০২.২৩.৮২৩/১ (৪)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৪। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

৩১-০৮-২০২৩
দেওয়ান গোলাম সারোয়ার
উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বিজ্ঞপ্তি